গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২২.১১০

**বিষয়: ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অনুষ্ঠান শাখার ২৫-০২-২০২৪ তারিখের পত্র নম্বর-৪৩.০০.০০০০.১২৪.২৩.২০২.২৩.১৪৩

আগামী ৭ মার্চ ২০২৪ বৃহস্পতিবার, সকাল ১০:৩০ মিনিটে ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘ঐতিহাসিক ৭ই মার্চ ’ ২০২৪ উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠান বিটিসিএল লাইন /DSNG ভ্যান এর মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফএম ১০৬.০ মেগাহার্জ ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জে এবং ওয়েবসাইট www.betar.gov.bdও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রিলে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফএম ব্যান্ডে (যদি থাকে) স্ব স্ব কেন্দ্রের পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার হবে।

২। অনুষ্ঠানের স্থান/সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের (জনাব আইরীন ফারজানা, উপসচিব, ফোন: ৫৫১০০৬৬৮) এর সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠান যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য অনুষ্ঠানটির সময়সূচি পরিবর্তন/বাতিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট ও কেন্দ্রগুলোর পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলীগণকে সময়সূচি পরিবর্তন/ বাতিলের বিষয়ে অবহিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়া বার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জ, এবং এফএম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এর অনুষ্ঠানসমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে এবং ঢাকা-গ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। অনুষ্ঠানটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় দুইটি (০২) টেলিফোন লাইন (ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংক্রান্ত ব্যয় পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।

৭। উক্ত অনুষ্ঠান যথাযথভাবে রিলে হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৮। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা অনুষ্ঠানস্থল থেকে প্রচার কার্যক্রম সম্পাদনের যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৯। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবে।

১০। অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ পূর্বাহ্ণে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠুভাবে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করবেন।

১১। বর্ণিত অনুষ্ঠানের ওপর বিশেষ প্রতিবেদন (অডিও ক্লিপসহ) সংবাদে প্রচারের জন্য পরিচালক, (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলে/ স্টুডিওতে উপস্থিত থাকবেন।

১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান চলাকালীন আঞ্চলিক কেন্দ্রসমূহ তাদের নিজ নিজ (ভেরিফাইড) ফেসবুক পেইজে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের উক্ত অনুষ্ঠানের ফেসবুক পোস্টটি শেয়ারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১৬। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ 'বেতার বাংলা'য় প্রকাশ করবেন।

১৭। বাংলাদেশ বেতারের সৌজন্যে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদযাপন অনুষ্ঠানটি রিলের জন্য সকল বেসরকারি মালিকানাধীন এফএম ও কমিউনিটি রেডিও প্রধানদের অনুরোধ করা হলো। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য বেসরকারি মালিকানাধীন এফএম ও কমিউনিটি রেডিও সংক্রান্ত কেন্দ্রীয় মনিটরিং কমিটির সদস্য সচিব, পরিচালক (মনিটরিং) বাংলাদেশ বেতার, ঢাকা যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৪-০৩-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:
০২-৪৪৮১৩০৬৭
adgprog@betar.gov.bd

পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।

স্মারক নম্বর:

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;

২। মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;

৩। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ঢাকা;

৪। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা/বাংলাদেশ বেতার চট্টগ্রাম;

৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৬। উপসচিব , অনুষ্ঠান শাখা , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;
৭। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/উচ্চশক্তি প্রেরণকেন্দ্র-৫, কাহালু, বগুড়া;
৮। পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/ বাণিজ্যিক কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা;
৯। পরিচালক, মনিটরিং (আদেশটি সকল বেসরকারী এফএম ও কমিউনিটি বেতারে প্রেরণের অনুরোধসহ);
১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা;
১২। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;
১৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪। বেসরকারী এফএম বেতার........................ (সকল);
১৫। কমিউনিটি রেডিও........................ (সকল) এবং
১৬। নথি।

০৪-০৩-২০২৪
কামাল আহমেদ
উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:০২-৪৪৮১৩০২৯